

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৮০

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যেসব প্রাণীর গোসত খাওয়া বৈধ, সেসব প্রাণীর গোবর পবিত্র- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ فَرْثَ مَا يُؤْكَلُ لَحْمُهُ غَيْرُ نَجِسٍ

আরবী

1380 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ عَنْ نَافِعِ بْنِ جَبَيْرٍ: عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قِيلَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ: حَدِّثْنَا مِنْ شَأْنِ الْعُسْرَةِ قَالَ: خَرَجْنَا إِلَى عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قِيلَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ: حَدِّثْنَا مِنْ شَأْنِ الْعُسْرَةِ قَالَ: خَرَجْنَا إِلَى تَبُوكَ فِي قَيْظٍ شَدِيدِ فَنَزَلْنَا مَنْزِلًا أَصَابَنَا فِيهِ عَطْشٌ حَتَّى ظَنَنَّا أَنَّ رِقَابَنَا سَتَنْقَطِعُ حَتَّى إِنَّ يَلْكُولُ فَي قَلْ يَرْجِعُ حَتَّى نَظُنَّ أَنَّ رَقَبَتَهُ سَتَنْقَطِعُ حَتَّى إِنَّ الرَّجُلُ لَيَذْهُبُ يَلْتَمِسُ الْمَاءَ فَلَا يَرْجِعُ حَتَّى نَظُنَّ أَنَّ رَقَبَتَهُ سَتَنْقَطِعُ حَتَّى إِنَّ الرَّجُلُ لَيَدْهُ بُ يَلْتُمِسُ الْمَاءَ فَلَا يَرْجِعُ حَتَّى نَظُنَّ أَنَّ رَقَبَتَهُ سَتَنْقَطِعُ حَتَّى إِنَّ الرَّجُلُ لَيَدْهُ بُ يَلْتُمِسُ الْمَاءَ فَلَا يَرْجِعُ حَتَّى نَظُنَّ أَنَّ رَقَبَتَهُ سَتَنْقَطِعُ حَتَّى إِنَّ السَّهُ عَلَى كَبِدِهِ فَقَالَ أَبُو بَكْرٍ اللَّهُ فِي الدُّعَاءِ خَيْرًا فَادْعُ لَنَا فَقَالَ أَبُو بَكْرٍ الْمَتِي مَلَا اللَّهُ فِي الدُّعَاءِ خَيْرًا فَادْعُ لَنَا فَقَالَ أَبُو بَكْ لِكَ)؟ الصِّدِيقُ: يَا رَسُولَ اللَّهِ قَدْ عَوَّدَكَ اللَّهُ فِي الدُّعَاءِ خَيْرًا فَادْعُ لَنَا فَقَالَ: (أَتُحِبُ ذَلِكَ)؟ الصَّدِيقُ: يَا رَسُولَ اللَّهُ قَدْ عَوْدَكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يُرْجِعْهُمَا حَتَّى أَظَلَتْ سَحَابَةٌ فَسَكَبَتْ فَمَلَأُوا مَا مَعْهُمُ ثُمَّ ذَهُبْنَا نَنْظُرُ فَلَمْ نَجْدِها جاوزت العسكر.

الراوي: ابن عَبَّاسٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1380 | خلاصة حكم المحدث: ضعيف ـ

قَالَ أَبُو حَاتِمٍ: فِي وَضْعِ الْقَوْمِ عَلَى أَكْبَادِهِمْ مَا عَصَرُوا مِنْ فَرْثِ الْإِبِلِ وَتَرْكِ أَمْرِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِيَّاهُمْ بَعْدَ ذَلِكَ بِغَسْلِ مَا أَصَابَ ذَلِكَ مِنْ أَبْدَانِهِمْ دَلِيلٌ عَلَى أَنَّ أَرْوَاتَ مَا يُؤْكَلُ لحومها طاهر

বাংলা

১৩৮০. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "উমার রাদ্বিয়াল্লাহু আনহুকে বলা



হয়, "আপনি আমাদেরকে তাবৃক যুদ্ধ সম্পর্কে কিছু বলুন।" জবাবে তিনি বলেন, "আমরা প্রচন্ড গরমের সময়ে তাবৃকের দিকে রওয়ানা হই অতঃপর আমরা একটা জায়গায় যাত্রাবিরতি দেই, এখানে আমাদের প্রচন্ড তৃষ্ণা পায়, এমনকি আমাদের মনে হলো যেন তৃষ্ণায় যেন আমাদের গর্দান আলাদা হয়ে যাবে, এমনকি আমাদের কেউ পানির খোঁজে না আসলে আমরা মনে করতাম যে, তার গর্দান হয়তো বিচ্ছিন্ন হয়ে গেছে!

এমনকি কোন ব্যক্তি তার উট জবাই করে ভেতর থেকে গোবর বের করে তা নিংড়িয়ে পানি পান করতো আর গোবরের বাকী অংশ তার কলিজার উপর রাখতো (যাতে তার কলিজা ঠান্ডা হয়)! তখন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মহান আল্লাহ আপনার দু'আর মাঝে কল্যাণ রেখেছেন, কাজেই আপনি আমাদের জন্য দু'আ করুন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আপনি কি এটা চান?" জবাবে তিনি বলেন, "জ্বী, হ্যাঁ।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দুই হাত উত্তোলন করেন। তারপর তিনি ফিরিয়ে আনেননি, এর মাঝেই আকাশে মেঘ ধারণ করে অতঃপর বৃষ্টি বর্ষণ করে। ফলে লোকজনের কাছে যা কিছু ছিল, তা তারা পরিপূর্ণ করে নেন। তারপর আমরা রওনা করি। আমরা লক্ষ্য করি যে, বৃষ্টি আমাদের সেনাদলের বাইরে কোথাও হয়নি!"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "সাহাবীগণ উটের পেটের গোবর নিংড়িয়ে তা তাদের কলিজার উপর রাখা, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক তাদেরকে গোবর লাগার জায়গা ধৈত করার নির্দেশ না দেওয়া- এর মধ্যে এই মর্মে দলীল রয়েছে যে, যেসব প্রাণীর গোশত খাওয়া বৈধ, সেসব প্রাণীর গোবর পবিত্র।"

ফুটনোট

[1] মুসনাদ বাযযার: ১৮৪১; হাকিম: ১/১৫৯; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ৬/১৯৪-১৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (ফিকহুস সীরাহ: ৪০৭।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন